

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-৩ অধিশাখা

Web: www.mohfw.gov.bd

স্মারকনং ৪৫.১৪৪.০৮০.০০.০০.০০২.২০১৪-২২৫


তারিখঃ ১৮-০৩-২০১৫

বিষয়ঃ জুনিয়র কনসালট্যান্ট পদে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণের পদায়ন প্রসঙ্গে।

সূত্রঃ ১। ৪৫.১৪৪.০৮০.০০.০০.০০২.২০১৪-২২২, তারিখঃ ১৮-০৩-২০১৫ এবং
২। ৪৫.১৪৪.০৮০.০০.০০.০০২.২০১৪-২২৩, তারিখঃ ১৮-০৩-২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জুনিয়র কনসালট্যান্ট বিভিন্ন বিষয়ে ৫৮৮ (পাঁচশত আটাশি) জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- * কেবল মাত্র শূন্য পদে পদায়ন করতে হবে। কোন প্রকার ওএসডি / সংযুক্ত বা পদের বিপরীতে কোন কর্মকর্তাকে পদায়ন করা যাবে না।
- * যে সকল কর্মকর্তাগণের এসিআর ও প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরের জিও পাওয়া যায়নি তাঁদের পদোন্নতি কার্যকর করার স্বার্থে এসিআর ও রাজস্বখাতে স্থানান্তরের জিও প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- * যে সকল কর্মকর্তাগণ দুর্গম এলাকা / প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছেন সে সমস্ত কর্মকর্তাগণকে অপেক্ষাকৃত সুগম যোগাযোগ ব্যবস্থা সম্পন্ন এলাকায় পদায়নের অগ্রাধিকার দিতে হবে।
- * বর্তমানে যে সমস্ত এলাকায় চিকিৎসকের স্বল্পতা রয়েছে সে সমস্ত এলাকায় সরকারের স্বাস্থ্য সেবা সুনিশ্চিত করার লক্ষ্যে পদায়ন নিশ্চিত করতে হবে।
- * যে সকল উপজেলা হতে জেলা সদর / মেডিকেল কলেজ হাসপাতালের দুরূহ বেশী / যোগাযোগ ব্যবস্থা সুগম নয় সে সমস্ত উপজেলায় পদায়ন নিশ্চিত করতে হবে।
- * পদোন্নতি প্রাপ্ত পদে যদি কোন কর্মকর্তা চলতি দায়িত্বে ও পদের বিপরীতে কর্মরত থাকে সে সকল কর্মকর্তাগণ স্বাস্থ্য অধিদপ্তরে ন্যস্ত হবেন এবং স্বাস্থ্য অধিদপ্তর হতে তাদেরকে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- * পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণকে আগামী ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে পদায়ন করতঃ মন্ত্রণালয়ে আদেশের কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


খালেদা আক্তার
উপসচিব
পার-৩ অধিশাখা

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। যুগ্ম-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। অফিস কপি।